# উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়
ঢাকা বিশ্ববিদ্যালয়

## ২০২৭ শিক্ষাবর্ষে ১ম শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

১ম শ্রেণিতে ভর্তি প্রক্রিয়া লটারি ও সাক্ষাতকার গ্রহণের মাধ্যমে সম্পন্ন করা হবে। ২০ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ শুক্রবার সকাল ১০:০০ টা থেকে ০৭ ডিসেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ সোমবার রাত ১১:০০ টা পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে।

| ভার্সন | শূন্য আসন |
|---|---|
| বাংলা | ১৯ |
| ইংরেজি | ০৭ |

১। **প্রার্থীর বয়স:** ০১ জানুয়ারি ২০২৭ খ্রিষ্টাব্দ যাদের বয়স ৬ বছর বা ৬ বছরের বেশি কিন্তু ৭ বছরের কম।

২। বিদ্যালয়ের ওয়েবসাইটে (www.udayan.edu.bd) গিয়ে Admission মেন্যু থেকে Online Admission এ ক্লিক করতে হবে।

৩। অনলাইনে প্রদর্শিত আবেদন ফরমটি সঠিকভাবে পূরণ করতে হবে। প্রার্থী ও পিতা-মাতার রঙিন ছবি (দৈর্ঘ্য 300 Pixel × প্রস্থ 300 Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে আপলোড করতে হবে। ছবির ফাইল সাইজ অনূর্ধ্ব 70 KB হতে হবে। [ছবির ফাইলের নাম যেকোনো Alphabet দিয়ে Rename করতে হবে, ফাইলের নামে কোনো Number/Special Character (i.e. ^, #, - etc.) দিয়ে দেয়া যাবে না।]

৪। **পূরণকৃত আবেদন ফরম Final Submit করার পর পূরণকৃত আবেদন ফরমটি ডাউনলোড করে নিবেন। ফরমটির নিচের দিকে পেমেন্ট সংক্রান্ত তথ্য থাকবে যা ভালোভাবে পড়ে পেমেন্ট সম্পন্ন করতে হবে।**

৫। **আবেদনপত্রের ফি** (৩০০/- + ৩০/- অনলাইন চার্জ) মোট ৩৩০/- (তিনশত ত্রিশ টাকা মাত্র) অনলাইনে সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে প্রদান করতে হবে। উল্লেখ্য, পেমেন্ট না করা পর্যন্ত প্রবেশপত্র (Admit Card) প্রিন্ট বা ডাউনলোড হবে না। আরো উল্লেখ থাকে যে, আবেদন পত্রের ফি ০৮ ডিসেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ মঙ্গলবার বিকাল ৫:০০ টা পর্যন্ত পরিশোধ করা যাবে।

৬। (ক) সাক্ষাতকারের তালিকা ও সময়সূচি বিদ্যালয়ের ওয়েবসাইট (www.udayan.edu.bd)-এর মাধ্যমে পরে জানানো হবে।

(খ) **সাক্ষাতকারের সময় জমাকৃত সকল ডকুমেন্টের মূল কপিসহ অবশ্যই প্রার্থীর সাথে পিতা ও মাতাকে উপস্থিত থাকতে হবে।** সাক্ষাতকারের পর লটারির জন্য নির্বাচিতদের তালিকা প্রকাশ করা হবে।

(গ) লটারির মাধ্যমে চূড়ান্তভাবে নির্বাচিতদের তালিকা প্রকাশ করা হবে। লটারির তারিখ ও সময়সূচি বিদ্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটের (www.udayan.edu.bd) মাধ্যমে যথাসময়ে প্রকাশ করা হবে।

৭। ভর্তি সংক্রান্ত যে কোনো তথ্যের জন্য বিদ্যালয়ের ওয়েবসাইট (www.udayan.edu.bd)-এর Notice Board-এ প্রদর্শিত বিজ্ঞপ্তি দেখতে হবে।

৮। আবেদনে **ভুল তথ্য প্রদান করলে অথবা চাহিদা মোতাবেক কাগজপত্র সরবরাহ না করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।** এছাড়া আবেদন ফরমে কোটার ঘরে সঠিকভাবে কোটা সিলেক্ট না করলে এবং কোটার অনুকূলে ডকুমেন্ট সাবমিট না করলে কোটা সুবিধা প্রাপ্য হবে না।

**বি:দ্রঃ কর্তৃপক্ষ এই প্রক্রিয়ায় পরিবর্তনের অধিকার সংরক্ষণ করে।**

১২/১১/২০২৬
মুহাম্মদ আরিফুর রহমান
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

মুহাম্মদ আরিফুর রহমান
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়
ঢাকা বিশ্ববিদ্যালয়

# উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

## ঢাকা বিশ্ববিদ্যালয়

## ২০২৭ শিক্ষাবর্ষে ১ম শ্রেণিতে ভর্তি সংক্রান্ত নির্দেশনা

### ক্যাচমেন্ট এরিয়া

(১) ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকা (২) বুয়েট ক্যাম্পাস (৩) ঢাকা মেডিকেল কলেজ আবাসিক এলাকা (৪) জাতীয় জাদুঘর আবাসিক এলাকা/পাবলিক লাইব্রেরি আবাসিক এলাকা (৫) বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয় আবাসিক এলাকা (৬) নীলক্ষেত আবাসিক এলাকা (৭) কাঁটাবন আবাসিক এলাকা (৮) আজিমপুর এলাকা [ইডেন কলেজ আবাসিক এলাকা, গার্হস্থ্য অর্থনীতি কলেজ আবাসিক এলাকা, আজিমপুর রোডসংলগ্ন আজিমপুর সরকারী কলোনী, আজিমপুর মাতৃসদন আবাসিক এলাকা, চায়না বিল্ডিং গলি] (৯) পলাশী আবাসিক এলাকা (১০) বকশিবাজার

সংশ্লিষ্ট কোটার প্রমাণস্বরূপ প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত কপি আবেদন ফরমের সাথে সংযুক্ত করে জমা দিতে হবে এবং ভর্তির সময় মূল কপি সঙ্গে আনতে হবে।

* একজন প্রার্থী এক বা একাধিক কোটায় আবেদন করতে পারবে। বর্ণিত কোটার সপক্ষে যথাযথ প্রমাণ পেশ করতে হবে।

### নির্ধারিত তারিখে সাক্ষাৎকারের সময়ে প্রিন্টকৃত আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবে

(ক) **প্রবেশপত্রের ফটোকপি - ২টি**
(খ) **পূরণকৃত আবেদন ফরমের প্রিন্ট কপি - ১টি**
(গ) শিক্ষার্থীর অনলাইন জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি - ১টি
(ঘ) পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের সত্যায়িত কপি - ১টি করে ২টি
(ঙ) পিতা ও মাতার শিক্ষাগত যোগ্যতার শেষ সনদের সত্যায়িত কপি - ১টি করে ২টি
(চ) সরকারী বিধি মোতাবেক মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ ও প্রার্থীর পিতা-মাতার এসএসসি পরীক্ষার সনদ এর সত্যায়িত কপি - ১টি
(ছ) ক্যাচমেন্ট এরিয়া কোটায় আবেদনকারীদের ক্যাচমেন্ট প্রমাণের জন্য নিম্নলিখিত প্রমাণপত্র জমা দিতে হবে:
  (i) আবেদনকারীর অভিভাবক যদি বাড়ির মালিক হয়ে থাকেন, তাহলে বিদ্যুৎ বিল/পানির বিল/টেলিফোন বিল/খাজনা/হোল্ডিং ট্যাক্স পরিশোধের সত্যায়িত কপি - ১টি
  (ii) আবেদনকারীর অভিভাবক যদি ভাড়া বাসায় বসবাসকারী হয়ে থাকেন, তাহলে বাড়ি ভাড়ার চুক্তিপত্র ১টি ও ভাড়া পরিশোধের রশিদের সত্যায়িত কপি ১টি এবং বাড়িওয়ালার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি - ১টি
  (iii) আবেদনকারীর অভিভাবক যদি সরকারি বরাদ্দকৃত বাসায় বসবাস করেন, সেক্ষেত্রে নিজ নামে এলোটমেন্ট পেপারের সত্যায়িত কপি - ১টি
(জ) ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ বা দপ্তরের বিভাগীয় প্রধান কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র জমা দিতে হবে।
(ঝ) উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের স্থায়ী শিক্ষক ও কর্মকর্তার ক্ষেত্রে অধ্যক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র জমা দিতে হবে।
(ঞ) উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে অধ্যয়নরত সহোদরের ক্ষেত্রে আইডি কার্ডের ফটোকপি অথবা সেবা শিক্ষা লগ-ইন পোর্টালের তথ্য যুক্ত পেজের স্ক্রিনশট (শ্রেণিশিক্ষক কর্তৃক সত্যায়িত) জমা দিতে হবে।
(ট) যমজ আবেদনকারীর ক্ষেত্রে পিতা ও মাতা উভয়ের স্বাক্ষরিত একটি ঘোষণাপত্র জমা দিতে হবে।
(ঠ) শিক্ষা মন্ত্রণালয় কোটায় আবেদনকারীর ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর অথবা সংশ্লিষ্ট দপ্তরের উর্ধ্বতনের পক্ষ থেকে প্রদত্ত প্রত্যয়নপত্র জমা দিতে হবে।

১৭/১১/২০২৬

মুহাম্মদ আরিফুর রহমান
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

মুহাম্মদ আরিফুর রহমান
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়
ঢাকা বিশ্ববিদ্যালয়